

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৭

- ৭. শিকার অধ্যায় (كتاب الصيد)
- পরিচ্ছেদঃ ৪. তীরের ফলার আঘাতে নিহত শিকারের ব্যাপারে

بَاب فِي صَيْدِ الْمِعْرَاضِ

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي السَّفَرِ عَنْ الشَّعْبِيِّ قَالَ سَمَعْتُ عَدِيَّ بْنَ حَاتِمٍ قَالَ سَأَلْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْمِعْرَاضِ فَقَالَ إِذَا أَصابَ بِعَرْضِهِ فَقَتَلَ فَإِنَّهُ وَقِيذٌ فَلَا تَأْكُلْ

বাংলা

২০৪৭. আদী ইবনু হাতিম রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তীরের ফলার আঘাতে প্রাপ্ত শিকারের ব্যাপারে জিজ্ঞেস করলাম। উত্তরে তিনি বললেনঃ "তীরের ধারালো অংশের দ্বারা যেটি নিহত হয়েছে সেটি খাও। আর ফলকের ভোঁতা অংশের আঘাতে যেটি নিহত হয়েছে সেটি 'ওয়াকীয' (অর্থাৎ থেতলে যাওয়া মৃতের মধ্যে গণ্য)। সূতরাং তুমি তা খাবে না।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ । এটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাবাইহ ওয়াস সাইদ নং ৫৪৭৫; মুসলিম, মুসাক্বাত ১৯২৯। আর এটি ২০৪৫, ২০৪৬ (অনুবাদে ২০৩৯, ২০৪০) নং এ গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন